

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144257-3 Fax: 9180968 E-mail: info@cptu.gov.bd Website: www.cptu.gov.bd

স্মারক নং- ২১.৩৬৪.০০২.০২.১৫.৪৬৪.২০১৪-১৭৫৭

তারিখঃ ০২/১০/২০১৬ খ্রিঃ


বিষয়: পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর অধিকতর সংশোধন করে প্রণীত আইন প্রয়োগ প্রদর্শন।  
সূত্র: এলজিইডি/সিই/পিইউ-৪৭ (অংশ-১)/২০০৮/১৮০০; তারিখঃ ২৪/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) আইন, ২০১৬ আগষ্ট ০১, ২০১৬ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে। এতে বিদ্যমান পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০১৬ এর বিভিন্ন ধারায় সংযোজন/বিরোধনের মাধ্যমে সংশোধন আনয়ন করা হয়েছে। আইনের ৩১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে কোন দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) ১০% (শতকরা দশভাগ) এর অধিক কম বা অধিক বেশি দর উদ্ধৃত করা হলে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে মর্মে সংশোধনী আনা হয়েছে।

০২। সংশোধিত আইনের ৩১(৪) ধারায় বলা হয়েছে, দরপত্রে মূল্য সমতার ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মূল্যায়ন ও কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে।

০৩। সংশোধিত আইনের আলোকে ও অন্যান্য বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ সংশোধনের প্রস্তাব সেক্রেটারিয়েট ও সংসদ বিষয়ক বিভাগে বিবেচনাধীন আছে। আশা করা যায় সংশোধিত বিধিমালা শীঘ্রই জারী করা যাবে। বিধিমালা সংশোধনীর পর  $\pm ১০\%$  এর সংস্থানটি সংশ্লিষ্ট আনর্শ দরপত্র দলিলে (ম্যানুয়েল ও e-GP উভয়ক্ষেত্রে) সন্নিবেশিত করা হবে।

০৪। সংশোধিত আইনের ৩১(৪) ধারা অনুসরণে বিধিমালা সংশোধন ও আনর্শ দরপত্র দলিলে উল্লিখিত সংস্থান অত্রুক্ত করার পূর্বে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের আওতায় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে  $\pm ১০\%$  এর সংস্থান প্রয়োগ বিধি সম্মত হবে না।

  
(ড. মোহাম্মদ আবু বকর সিদ্দিক)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫১  
dd2@cptu.gov.bd

প্রধান প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর  
ঢাকা।

অনুলিপিঃ (দ্রোষ্টতার স্থিতিতে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মহাপরিচালকের দপ্তর, ওয়াশিংটন ভবন (২য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি), সদর দপ্তর ভবন, নিবুগ্রু২, কিলকেষ্ট, ঢাকা-১২২৯।
৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিন্যাস উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, নবাব আব্দুল গনি রোড, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, নবাব আব্দুল গনি রোড, ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএসই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএসই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
১০. অফিস কপি।

